

বাংলাদেশ পুলিশ কল্যাণ তহবিল হতে অনুদান মঞ্জুরী সংক্রান্ত তথ্য নিম্নরূপ :

বাংলাদেশ পুলিশ কল্যাণ তহবিল ১৯৮৬ সাল থেকে কার্যক্রম পরিচালনা করে আসছে। উক্ত তহবিলে এসআই/সমমান হতে তদনিম্ন সকল পুলিশ/নন-পুলিশ সদস্যদের নিকট হতে বছরে দুই বার টাকা কর্তন করা হয়। এ তহবিল হতে কেবল এসআই/সমমান হতে তদনিম্ন সকল পুলিশ/নন-পুলিশ সদস্য চাকুরিরত অবস্থায় অথবা অবসর গ্রহণের দুই বছর পর্যন্ত দাফন-কাফন/অন্ত্যেষ্টিক্রিয়া বাবদ এককালীন ৪০ হাজার টাকা ও মৃত্যুবরণ অথবা স্থায়ী অক্ষমতার ক্ষেত্রে এককালীন ১০ হাজার টাকাসহ প্রতিমাসে ১৫০০ টাকা করে ১৫ বছর পর্যন্ত কল্যাণ ভাতা সুবিধা পেয়ে থাকেন। এছাড়া বিশেষ ও ব্যয়বহুল, গুরুতর এবং সাধারণ চিকিৎসার ক্ষেত্রে আর্থিক অনুদান প্রাপ্ত হন।

এরই ধারাবাহিকতায় বাংলাদেশ পুলিশ কল্যাণ তহবিলের ব্যবস্থাপনা বোর্ডের ২০২৬ সালের ২য় সভায় (মার্চ/২৬) ইঙ্গপেক্টর জেনারেল অব পুলিশ, বাংলাদেশ ও চেয়ারম্যান, বাংলাদেশ পুলিশ কল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ড মহোদয়ের অনুমোদন সাপেক্ষে এসআই/সমমান হতে তদনিম্ন ৩৭৫ জনের অনুকূলে সর্বমোট =১,৮৬,৩৯,৫০০/- (এক কোটি ছিয়াশি লক্ষ ঊনচল্লিশ হাজার পাঁচশত টাকা) আর্থিক অনুদান নিম্নরূপ মঞ্জুর করা হয়:

১। ৪৩ জন মৃত এসআই/সমমান হতে তদনিম্ন সদস্যদের পরিবারের অনুকূলে মৃত্যুর তারিখ হতে ১৫ বছর পর্যন্ত এককালীন ও মাসিক ভাতা মোট= ৮,৯৬,৫০০/- (আট লক্ষ ছিয়ানব্বই হাজার পাঁচশত) টাকা অনুদান মঞ্জুরি প্রদান করা হয়। তন্মধ্যে ১১ জন এসআই/সমমান, ০৬ জন এএসআই/সমমান, ০২ জন নায়েক এবং ২৪ জন কনস্টেবল।

২। ০৪ জন অক্ষম সদস্যের অনুকূলে অক্ষম গ্রহণের তারিখ হতে ১৫ বছর পর্যন্ত এককালীন ও মাসিক ভাতা মোট =১,৬১,০০০/- (এক লক্ষ একষাট হাজার) টাকা অনুদান মঞ্জুরি প্রদান করা হয়। তন্মধ্যে ০১ জন এএসআই/সমমান এবং ০৩ জন কনস্টেবল।

৩। ৫৪ জন মৃত এসআই/সমমান হতে তদনিম্ন সদস্যদের পরিবারের অনুকূলে দাফন-কাফন সংক্রান্ত মোট =১৫,৯০,০০০/- (পনের লক্ষ নব্বই হাজার) টাকা অনুদান মঞ্জুরি প্রদান করা হয়। তন্মধ্যে ১৪ জন এসআই/সমমান, ০৭ জন এএসআই/সমমান, ০২ জন নায়েক, ৩০ জন কনস্টেবল এবং ০১ জন নন-পুলিশ সদস্য।

৪। ২৫৫ জন পুলিশ/নন-পুলিশ সদস্যদের বিশেষ ও ব্যয়বহুল/গুরুতর/সাধারণ ক্যাটাগরিতে মোট ১,৫৯,৯২,০০০ (এক কোটি ঊনষাট লক্ষ বিরানব্বই হাজার) টাকা চিকিৎসা অনুদান প্রদান করা হয়। তন্মধ্যে ৩৮ জন এসআই/সমমান, ৩৮ জন এএসআই/সমমান, ০৮ জন নায়েক, ১৫৮ জন কনস্টেবল এবং ১৩ জন নন-পুলিশ সদস্য।

